

ময়ূর

ময়ূর, বুঝি বা কোনো সূর্যাস্তে জন্মেছ।
এবং মেঘের তলে উল্লাসে নতুন ডানাটিকে মেলে ধরে
যখন প্রথম খেলা শু হবে--- সেই স্থির পরকালে
আমি তোমার দেখা পেয়েছি, ময়ূর।

সমুদ্রসৈকত ধরে এত দূর , এত গাঢ় স্তম্ভতারকাছে এসে
তোমার প্রবল দৌড় দেখা গেল, যেন
আরো শব্দহীনতার প্রতি---- অন্ধকার ঝাউবনে---অস্তিত্ব-জটিল
আমাদের আর্তরবে ডেকেছে সহসা
সেদিন বনের শেষে নির্বসন যৌবনের চোখে
বিদ্যুৎচমক বলে মনে হল তোমার প্রতিভা
মনে হল নবীন নবীনতমা সৃষ্টির ক্ষমতা বুঝি
এইভাবে ত্রমাগত অস্তহীনতার বুকুে মিশে যায়।

ফিরে দাও সাগরে আবার। ফিরে দাও উন্মাদতুফানে
অস্তিত্বকে ফিরে দাও। বিপুল পৃথিবীময় পাথরেরবুকুে
আমি তার ভেঙে পড়া দেখেছি গর্জনে। দেখেছি আছাড়
ডুবন্ত জাহাজ থেকে ভেঙে নেয় পাটাতন, জয়েরমাঙ্গল।

তবুও ঝড়ের শেষে , তবুও দিনের শেষে , অন্ধকার বনে,
বৃষ্টির মেঘের তলে শোনা গেল আর্ত কেকারব---
বুঝি নির্জনতা পেয়ে পুনর্বীর মেলেছে বিশাল,
নক্ষত্রে সাজানো ডানা। পেয়েছে নির্দেশ ?

